গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল
(দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা )
www.tangail.gov.bd

স্মারক নং- ৫১.০১.৯৩০০.০০০.৪২.০৬২.২৬-১৭৯

তারিখ: ১০ চৈত্র -১৪৩২ / ২৪ মার্চ -২০২৬

বিষয় : ২০২৫-২০২৬ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষন (টিআর-নগদঅর্থ) কর্মসূচির আওতায় বিভাগীয় কমিশনার ২য় পর্যায়ে প্রকল্প বাস্তবায়নের জন্য নগদ অর্থ উপ-বরাদ্দ প্রদান।

সূত্র : বিভাগীয় কমিশনার ঢাকা এর ১৬ মার্চ-২০২৬ তারিখের ০৫.৪১.৩০০০.০১১.১৪,০০২,২৫-৩৪ নং স্মারক

উপযুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষন (টিআর-নগদ অর্থ) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ে নিম্নে বর্ণিত প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্ত উল্লিখিত পরিমান টাকা বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা কর্তৃক ০৮ (আট) টি প্রকল্পের বিপরীতে ৯,৩৭,৫০০.০০ (নয় লক্ষ সাতত্রিশ হাজার পাঁচশত) টাকা বরাদ্দ করা হয়েছে। বরাদ্দকৃত অর্থ দ্বারা গৃহীত ও অনুমোদিত প্রকল্পের কাজ জরুরি ভিত্তিতে শুরু করে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে বরাদ্দ পত্রের শর্তাবলী এবং সর্বশেষ টিআর কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ ও সংশোধিত নির্দেশিকা ২০২৫ যথাযথভাবে অনুসরণ পূর্বক প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত পরিমাণ অর্থ উপজেলা নির্বাহী অফিসারগণের অনুকূলে নির্দেশক্রমে উপ-বরাদ্দ প্রদান করা হলো।

এ ব্যয় ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেট কোড নং-১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ খাত হতে নির্বাহ করা হবে।

| ক্রঃ নং | প্রকল্প নং | উপজেলার নাম | প্রকল্পের নাম | প্রকল্পের অবস্থান/উপজেলা/গ্রাম | বরাদ্দের পরিমাণ (টাকায়) |
|---|---|---|---|---|---|
| ০১ | ০১ | ধনবাড়ী | ঘোনারবন্দ সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে পূর্বদিকে পাকা মেইন রোড পর্যন্ত রাস্তা সংস্কার। | গ্রাম-ঘোনারবন্দ,উপজেলা-ধনবাড়ী জেলা-টাঙ্গাইল। | ১১৭০০০.০০ |
| ০২ | ০২ | দেলদুয়ার | মীরকুমুল্লী মধ্য পাড়া মোঃ দেলোয়ার হোসেন খানের বাড়ির উত্তর পার্শ্ব হইতে মীরকুমুল্লী আত-তাওহীদ হাফিজিয়া ও নুরানী মাদ্রাসার পর্যন্ত সড়কটি মাটি ভরাট ও সংস্কার। | গ্রাম-মীরকুমুল্লী, ওয়ার্ড নং-০৭, উপজেলা-দেলদুয়ার, জেলা- টাঙ্গাইল। | ১১৮৫০০.০০ |
| ০৩ | ০৩ | মির্জাপুর | বায়তুন নুর জামে মসজিদের সংস্কার ও উন্নয়ন। | গ্রাম-যুগী দক্ষিণ পাড়া, ওয়ার্ড নং-০৬, ইউনিয়ন-ভাদগ্রাম, উপজেলা-মির্জাপুর, জেলা-টাঙ্গাইল। | ১১৭০০০.০০ |
| ০৪ | ০৪ | কালিহাতি | কামার্থী বাসস্ট্যান্ড জামে মসজিদের সংস্কার ও উন্নয়ন। | উপজেলা-কালিহাতি, জেলা-টাঙ্গাইল। | ১১৭০০০.০০ |
| ০৫ | ০৫ | টাঙ্গাইল সদর | হযরত আয়েশা (রাঃ) জামে মসজিদের সংস্কার ও উন্নয়ন। | আশাপুর মধ্যপাড়া, ওয়ার্ড নং-১৫, উপজেলা-টাঙ্গাইল সদর, টাঙ্গাইল। | ১১৭০০০.০০ |
| ০৬ | ০৬ | বাসাইল | মটরা পশ্চিম পাড়া আহলুল হাদীস কেন্দ্রীয় জামে মসজিদের সংস্কার ও উন্নয়ন। | গ্রাম- মটরা পশ্চিম পাড়া, ইউনিয়ন-হাবলা,উপজেলা-বাসাইল,জেলা-টাঙ্গাইল। | ১১৭০০০.০০ |
| ০৭ | ০৭ | বাসাইল | মটরা মধ্যপাড়া কবরস্থানের সংস্কার ও উন্নয়ন। | গ্রাম- মটরা , ইউনিয়ন-হাবলা,উপজেলা-বাসাইল,জেলা-টাঙ্গাইল। | ১১৭০০০.০০ |
| ০৮ | ০৮ | মির্জাপুর | পুস্টকামুরী দক্ষিণ পাড়া জামে মসজিদের সংস্কার ও উন্নয়ন। | ওয়ার্ড নং-০২, পৌরসভা-মির্জাপুর উপজেলা-মির্জারপুর, জেলা-টাঙ্গাইল। | ১১৭০০০.০০ |
| | | | সর্বমোটঃ | | ৯,৩৭,৫০০.০০ |

উক্ত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তসমূহ এবং নীতিমালা অনুসরণ করতে হবে:

০১। ২০২৫- ২০২৬ অর্থ বছরের বিভাগীয় কমিশনার ২য় কিস্তির বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন আগামী ৩১/০৩/২০২৬ খ্রি: তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

০২। গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে প্রকল্পের অস্তিত্ব যাচাই-বাছাই পূর্বক বরাদ্দকৃত অর্থ ছাড় করতে হবে।

০৩। ১ম কিস্তির মায়ারোল সমন্বয় পূর্বক ২য় কিস্তিতে অর্থ/ খাদ্যশস্য ছাড় করতে হবে। অনুরূপ ভাবে চূড়ান্ত কিস্তির মাষ্টাররোল সমন্বয় পূর্বক এবং লেভেল বহি চূড়ান্ত পরিমাপ গ্রহণ স্বাক্ষরান্তে শেষ কিস্তির অর্থ/ খাদ্যশস্য ছাড় করতে হবে।

০৪। এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান, টিআর কর্মসূচির নির্দেশিকা-২০২১ ও সংশোধিত নির্দেশিকা-২০২৫ এ বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

চলমান পাতা-০২-

০৫। এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই টি, আর কর্মসূচির নির্দেশিকার ০৪ নং অনুচ্ছেদ যথাযথ অনুসরণ করতে হবে।

০৬। প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা, যাতে কর্মজোর জরীপের একটি তুলনা করা সম্ভব হয়, প্রতি প্রকল্প বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করা।

০৭। নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত নগদ অর্থ ফেরত নেওয়াসহ দেশের প্রচলিত আইনবিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৮। প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারী কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করা।

০৯। বাস্তবায়নাধীন প্রকল্প এলাকার (ইউনিয়ন/পৌরসভা) নির্বাচিত সদস্য/কাউন্সিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে।

১০। বরাদ্দকৃত অর্থ ব্যয়ে কোন অনিয়ম বা অপচয় ঘটলে উহার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তা/ব্যক্তিবর্গকে বহন করতে হবে।

১১। প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়ন এবং অপচয় রোধকল্পে তাঁর প্রতিনিধি দ্বারা প্রকল্পগুলোর সার্বিক পর্যবেক্ষণের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করতে হবে।

১২। এ বরাদ্দের অর্থ দিয়ে বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠান/ধর্মীয়/জনকল্যাণমূলক প্রতিষ্ঠানের মেরামত/উন্নয়ন করা যাবে এবং এ ক্ষেত্রে বে-সরকারী প্রতিষ্ঠানের ন্যায় ধর্মীয় প্রতিষ্ঠানের ক্ষেত্রে উক্ত প্রকল্পের ইমাম/পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে।

১৩। কোন প্রকল্প ভুয়া হিসাবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত আইন/বিধির আওতায় আনতে হবে।

১৪। নিরীক্ষার জন্য প্রকল্প নথিতে প্রকল্প ছক, মাপ বহি, লেভেল বহি, বিল। ভাউচার ও মাষ্টার-রোল তার দপ্তরের দুর্যোগ ব্যবস্থাপনা শাখায় সংরক্ষণ করতে হবে।

সংযুক্তি: ১. অনুমোদিত প্রকল্প তালিকা....... প্রস্থ।

২৪/০৩/২৬

মোঃ আকতারুজ্জামান
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
টাঙ্গাইল
☏০২৯৯৭৭১৪৪৩০
drrotangail@ddm.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার,
ধনবাড়ী/দেলদূয়ার/মির্জাপুর/কালিহাতি/টাঙ্গাইল সদর/বাসাইল, টাঙ্গাইল।

২৪/০৩/২৬

স্মারক নং- ৫১.০১.৯৩০০.০০০.৪২.০৬২.২৬-১৭৯

তারিখ: ১০ চৈত্র -১৪৩২
২৪ মার্চ -২০২৬

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

০১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, ঢাকাবিভাগ, ঢাকা।
০৪। পরিচালক(কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০৫। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
০৬। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, খাদ্য ভবন-১৬, আব্দুল গণি সড়ক, ঢাকা-১০০০। তাঁকে উপরোক্ত উপজেলাওয়ারী বিভাজনকৃত অর্থ আইবাস++ এ আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৭। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, টাঙ্গাইল।
০৮। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল। জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ধনবাড়ী/দেলদূয়ার/মির্জাপুর/কালিহাতি/টাঙ্গাইল সদর/বাসাইল, টাঙ্গাইল।
১০। উপজেলা হিসাব রক্ষণ অফিসার, ধনবাড়ী/দেলদূয়ার/মির্জাপুর/কালিহাতি/টাঙ্গাইল সদর/বাসাইল, টাঙ্গাইল।
১১। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল। তাঁকে উপ-বরাদ্দ পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১২। অফিস নথি।

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
টাঙ্গাইল।